

■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "যে কোনো সুন্দর সুন্নাত উদ্ভাবন করবে, সে তার সাওয়াব পাবে এবং যে তার ওপর আমল করবে তার সাওয়াবও পাবে" এ থেকে কি বুঝা যায়?

উত্তর: বল: "যে কোনো সুন্দর সুন্নাত উদ্ভাবন করবে" অর্থাৎ এমন আমল করবে যেটা ইসলাম নিয়ে এসেছে। কিন্তু মানুষ ভুলে গিয়েছে। অথবা এমন বিষয়ের দিকে আহ্বান করবে, যা মানুষের কুরআন ও সুন্নাহর মধ্যে রয়েছে। তবে মানুষের মধ্যে সে বিষয়ে অজ্ঞতা রয়েছে। এমন সুন্নাতের দিকে দাওয়াত দিলে সে অনুসারীর সাওয়াব পাবে। কারণ এ হাদীসের উপলক্ষ ছিল ঐসব ফকীরদেরকে সাদকা করার আহ্বান করা, যারা মানুষের নিকট প্রার্থনা করত। আর যিনি বলেছেন, "যে ব্যক্তি কোনো সুন্দর সুন্নাত উদ্ভাবন করল" তিনিই বলেছেন: "প্রত্যেক বিদ'আত গোমরাহী"। সুন্নাতের উৎস কুরআন ও সুন্নাহ। আর বিদআতের পক্ষে কুরআন ও সুন্নাহর কোনো দলীল নেই। বরং এটি হচ্ছে পরবর্তী কতক লোকের বিবেক প্রসৃত সুন্দর ভাবা মাত্র।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10013

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন